



বসুন্ধরা এয়ারওয়েজে ইউনাইটেড কলেজ অব এভিয়েশন'র শিক্ষার্থীদের ব্যবহারিক সেশন অনুষ্ঠিত



০৪ মে ২০২৬ তারিখে United College of Aviation, Science & Management এর উদ্যোগে শিক্ষার্থীদের জন্য একটি বিশেষ এয়ারপোর্ট প্র্যাকটিক্যাল সেশন সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। রাজধানীর স্বনামধন্য এভিয়েশন প্রতিষ্ঠান Bashundhara Airways-এ আয়োজিত এ সেশনে দুই ধাপে মোট ১০৫ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে।

দিনব্যাপী এই ব্যবহারিক সেশনে শিক্ষার্থীরা এভিয়েশন ইন্ডাস্ট্রির বিভিন্ন কার্যক্রম, অপারেশনাল প্রসেস এবং বাস্তব কর্মপরিবেশ সম্পর্কে সরাসরি অভিজ্ঞতা অর্জনের সুযোগ পায়। এর মাধ্যমে তারা পাঠ্যভিত্তিক জ্ঞানের পাশাপাশি বাস্তবমুখী দক্ষতা অর্জনে সক্ষম হয়, যা ভবিষ্যৎ পেশাগত জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

প্রতিষ্ঠানের সম্মানিত ০৮ জন লেকচারারের সহযোগিতায় এয়ারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান SM Mehady Hasan-এর সার্বিক তত্ত্বাবধানে সেশনটি পরিচালিত হয়। পুরো আয়োজনটি ছিল অত্যন্ত সুশৃঙ্খল, তথ্যবহুল এবং শিক্ষার্থীদের জন্য বাস্তব অভিজ্ঞতানির্ভর এক অনন্য উদ্যোগ।

সেশনে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা এ আয়োজনকে তাদের শিক্ষাজীবনের একটি গুরুত্বপূর্ণ অভিজ্ঞতা হিসেবে উল্লেখ করে উচ্ছ্বাস প্রকাশ করে। তারা এ ধরনের বাস্তবধর্মী শিক্ষামূলক আয়োজনের জন্য কলেজ কর্তৃপক্ষ এবং Bashundhara Airways-এর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করে।

শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়ন ও বাস্তবভিত্তিক শিক্ষার প্রসারে ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে বলে কলেজ কর্তৃপক্ষ আশাবাদ ব্যক্ত করেছে।

ইউনাইটেড কলেজ অব এভিয়েশন'র Annual Picnic-২০২৬ অনুষ্ঠিত

১১ মে ২০২৬ United College of Aviation, Science & Management এর বহুল প্রতীক্ষিত “Annual Picnic ২০২৬” অনুষ্ঠিত হয়েছে নারায়ণগঞ্জের মনোরম প্রাকৃতিক পরিবেশে অবস্থিত Boshonto Bilash Resort-এ। দিনব্যাপী এই আয়োজন ছিল আনন্দ, উচ্ছ্বাস, প্রাণচাঞ্চল্য ও অসাধারণ সব স্মৃতিতে ভরপুর। সকাল থেকেই শিক্ষার্থীদের প্রাণবন্ত উপস্থিতি, বন্ধুদের সাথে আড্ডা, হাসি-ঠাট্টা, খেলাধুলা এবং বিভিন্ন বিনোদনমূলক কার্যক্রমে পুরো রিসোর্ট এলাকা হয়ে ওঠে মুখর ও উপভোগ্য। শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ আয়োজনটিকে আরও প্রাণবন্ত করে তোলে।

পিকনিকে ছিল সুস্বাদু খাবারের আয়োজনের পাশাপাশি নানা ধরনের আকর্ষণীয় গেমস ও জমজমাট লটারির ব্যবস্থা। লটারিতে বিজয়ীদের হাতে তুলে দেওয়া হয় দারুণ সব আকর্ষণীয় পুরস্কার, যা অংশগ্রহণকারীদের আনন্দকে আরও বাড়িয়ে দেয়।



দিনজুড়ে শিক্ষার্থীরা সুইমিং, খেলাধুলা ও বিভিন্ন বিনোদনমূলক কার্যক্রমে অংশ নিয়ে দারুণ সময় উপভোগ করে। প্রতিটি মুহূর্ত যেন ছিল আনন্দ ভাগাভাগি করে নেওয়ার এক সুন্দর উপলক্ষ।

সব মিলিয়ে “Annual Picnic ২০২৬” শিক্ষার্থীদের জন্য ছিল এক চমৎকার রিফ্রেশমেন্ট ও স্মরণীয় অভিজ্ঞতা, যা তাদের মনে দীর্ঘদিন ধরে আনন্দের স্মৃতি হয়ে থাকবে।



ইউনাইটেড কলেজ অব এভিয়েশন'-এ তিন দিনব্যাপী CSE Carnival ২০২৬" অনুষ্ঠিত

United College of Aviation, Science & Management Gi Department of CSE-এর আয়োজনে তিন দিনব্যাপী “CSE Carnival ২০২৬” সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। ০৫ মে থেকে ০৭ মে ২০২৬ পর্যন্ত UCASM ক্যাম্পাসে আয়োজিত এই কার্নিভালে শিক্ষার্থীদের ব্যাপক অংশগ্রহণ ও উৎসবমুখর পরিবেশ লক্ষ্য করা যায়।

“Think. Create. Compete. Win!” প্রতিপাদ্যকে সামনে রেখে আয়োজিত এ কার্নিভালে প্রযুক্তিনির্ভর ও বিনোদনমূলক বিভিন্ন আয়োজন অনুষ্ঠিত হয়। টেকনিক্যাল ও ক্রিয়েটিভ সেগমেন্টে ছিল Typing Contest, Programming Contest, Debate Competition, ICT Olympiad এবং Photography Contest। পাশাপাশি ইনডোর স্পোর্টস ও গেমিং ইভেন্ট হিসেবে অনুষ্ঠিত হয় Ludo, UNO, Carrom, Chess এবং Esports Competition।

তিন দিনব্যাপী এই আয়োজনে শিক্ষার্থীরা নিজেদের মেধা, দক্ষতা ও সৃজনশীলতা প্রদর্শনের সুযোগ পায়। প্রতিযোগিতাগুলোতে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মধ্যে ছিল ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা। পুরো ক্যাম্পাসজুড়ে প্রাণবন্ত পরিবেশের সৃষ্টি হয়, যা শিক্ষার্থীদের জন্য আনন্দঘন ও স্মরণীয় অভিজ্ঞতায় পরিণত হয়।

আয়োজকরা জানান, এই কার্নিভালের মূল উদ্দেশ্য ছিল শিক্ষার্থীদের একাডেমিক শিক্ষার পাশাপাশি প্রযুক্তিগত দক্ষতা, সৃজনশীলতা, টিমওয়ার্ক এবং আত্মবিশ্বাস বৃদ্ধিতে সহায়তা করা। এ ধরনের আয়োজন শিক্ষার্থীদের সহশিক্ষা কার্যক্রমে আরও আগ্রহী করে তুলবে এবং ভবিষ্যৎ দক্ষ মানবসম্পদ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলেও তারা আশাবাদ ব্যক্ত করেন।

কার্নিভালে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা এমন ব্যতিক্রমধর্মী আয়োজনের জন্য Department of CSE ও কলেজ কর্তৃপক্ষের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করে।

ইউনাইটেড কলেজ অব এভিয়েশন-এ দুই দিনব্যাপী “Study Abroad Career Expo-২০২৬” অনুষ্ঠিত

ফেয়ার কনভেনার এর আয়োজনে এবং ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট এর ব্যবস্থাপনায় দুই দিনব্যাপী “Study Abroad Career Expo-২০২৬” সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। ০১ ও ০২ মে ২০২৬ তারিখে আয়োজিত এই এক্সপোতে বিদেশে উচ্চশিক্ষায় আগ্রহী বিপুল সংখ্যক শিক্ষার্থী ও অভিভাবকের উপস্থিতিতে পুরো আয়োজন হয়ে ওঠে প্রাণবন্ত ও উৎসবমুখর।

০১ মে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশ-এর বিজনেস ডেভেলপমেন্ট ডিরেক্টর তাহনি ইয়াসমিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিয়ারসন (বাংলাদেশ ও নেপাল)-এর রিজিওনাল ডেভেলপমেন্ট ম্যানেজার লিটন আব্দুল্লাহ, অক্সফোর্ড একিউএ

(বাংলাদেশ ও নেপাল)-এর কান্ট্রি ডিরেক্টর মোঃ শাহীন রেজা, ক্যামব্রিজ ইউনিভার্সিটি প্রেস অ্যান্ড অ্যাসেসমেন্ট-এর কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ সারওয়ান রেজা, ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট এর এক্সিকিউটিভ ডিরেক্টর মোহাম্মদ আলী এবং ফেয়ার কনভেনার -এর ফাউন্ডার মাহমুদ গালিব।

দুই দিনব্যাপী এই এক্সপোতে বিভিন্ন আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় ও শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। এক্সপো জুড়ে ছিল বিদেশে পড়াশোনায় আগ্রহী শিক্ষার্থীদের ব্যাপক উপস্থিতি। বিভিন্ন এক্সিবিটর স্টলে সার্বক্ষণিক শিক্ষার্থীদের ভিড় লক্ষ্য করা যায়, যেখানে তারা উচ্চশিক্ষা, স্কলারশিপ, ভিসা প্রসেসিং, ভর্তি প্রক্রিয়া ও আন্তর্জাতিক ক্যারিয়ার সুযোগ সম্পর্কে সরাসরি তথ্য ও পরামর্শ গ্রহণ করে।



আয়োজকরা জানান, শিক্ষার্থীদের বিদেশে উচ্চশিক্ষার সঠিক দিকনির্দেশনা প্রদান এবং আন্তর্জাতিক শিক্ষার সুযোগ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করাই এই আয়োজনের মূল উদ্দেশ্য। এ ধরনের আয়োজন ভবিষ্যতে শিক্ষার্থীদের গোবাল একাডেমিক সুযোগের সঙ্গে আরও কার্যকরভাবে সংযুক্ত করতে সহায়ক ভূমিকা পালন করবে বলেও তারা আশাবাদ ব্যক্ত করেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে সম্মানিত অতিথি ও অংশগ্রহণকারী এক্সিবিটরদের হাতে সম্মাননা ক্রেস্ট ও সার্টিফিকেট তুলে দেন ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট-এর এক্সিকিউটিভ ডিরেক্টর মোহাম্মদ আলী এবং ফেয়ার কনভেনার -এর ফাউন্ডার মাহমুদ গালিব।

বর্ণিল আয়োজনে ইউনাইটেড কলেজ অব এভিয়েশনে চৈত্র সংক্রান্তি ও বাংলা নববর্ষ ১৪৩৩ উদযাপন



ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট এ বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে উদযাপিত হয়েছে চৈত্র সংক্রান্তি ও বাংলা নববর্ষ ১৪৩৩। প্রতিষ্ঠানের কালচারাল ক্লাবের উদ্যোগে আয়োজিত দিনব্যাপী এই উৎসবে পুরো ক্যাম্পাসজুড়ে বিরাজ করে উৎসবমুখর ও প্রাণবন্ত পরিবেশ।

বাংলার ঐতিহ্য ও সংস্কৃতিকে ধারণ করে আয়োজিত এ অনুষ্ঠানে ছিল মনোমুগ্ধকর সাংস্কৃতিক পরিবেশনা, পিঠা উৎসব এবং বিভিন্ন আকর্ষণীয় ক্রীড়া প্রতিযোগিতা। শিক্ষার্থীদের অংশগ্রহণে নৃত্য, সংগীত, আবৃত্তি ও সৃজনশীল পরিবেশনায় মুখর হয়ে ওঠে পুরো আয়োজন। প্রতিটি পরিবেশনাই উপস্থিত দর্শকদের মুগ্ধ করে এবং বাঙালির ঐতিহ্যবাহী সংস্কৃতির সৌন্দর্যকে নতুনভাবে তুলে ধরে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী। দিনব্যাপী আয়োজনে শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও উচ্ছ্বাস পুরো পরিবেশকে আরও প্রাণবন্ত করে তোলে। পিঠা উৎসব ও বিভিন্ন খেলাধুলার আয়োজন শিক্ষার্থীদের মাঝে আনন্দ ও মিলনমেলার আবহ সৃষ্টি করে।

আয়োজকরা জানান, এ ধরনের সাংস্কৃতিক আয়োজন শিক্ষার্থীদের সৃজনশীলতা বিকাশ, পারস্পরিক সম্প্রীতি বৃদ্ধি এবং বাঙালি সংস্কৃতি ও ঐতিহ্যের সঙ্গে নতুন প্রজন্মকে আরও সম্পৃক্ত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

আনন্দ, উচ্ছ্বাস ও বাঙালিয়ানার আবহে উদযাপিত এই আয়োজন শিক্ষার্থীদের জন্য হয়ে ওঠে এক স্মরণীয় ও উপভোগ্য অভিজ্ঞতা।

ইউনাইটেড কলেজ অব এভিয়েশনে ফ্রেসার্স ওরিয়েন্টেশন ২০২৬ অনুষ্ঠিত

ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট-এ নবাগত শিক্ষার্থীদের স্বাগত জানাতে উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে “ফ্রেসার্স ওরিয়েন্টেশন ২০২৬”। বৃহস্পতিবার, ০৯ এপ্রিল ২০২৬ তারিখে প্রতিষ্ঠানের অডিটোরিয়ামে আয়োজিত এই বর্ণাঢ্য অনুষ্ঠানে নতুন শিক্ষার্থীদের প্রাণন্ত উপস্থিতি পুরো আয়োজনকে করে তোলে আরও উজ্জ্বল ও আনন্দমুখর।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনাইটেড কলেজ অব এভিয়েশনের এডভাইজার এভিয়েশন বিশেষজ্ঞ উইং কমান্ডার (অব.) এটিএম নজরুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন টেসল বাংলাদেশের ফাউন্ডার ও ম্যানেজিং ডিরেক্টর মোহাম্মদ ইয়াসির। এছাড়াও উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক মোহাম্মদ আলী।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী, নতুন শিক্ষার্থী ও তাদের অভিভাবকবৃন্দ। অনুষ্ঠানের শুরুতেই নবাগত শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয় এবং প্রতিষ্ঠান কর্তৃক তাদেরকে উপহার হিসেবে ব্যাগ প্রদান করা হয়, যা তাদের জন্য ছিল এক স্মরণীয় মুহূর্ত।

অনুষ্ঠানে অতিথিবৃন্দ তাদের অনুপ্রেরণামূলক বক্তব্যের মাধ্যমে শিক্ষার্থীদের ভবিষ্যৎ গঠনে দিকনির্দেশনা প্রদান করেন। তারা শিক্ষার্থীদের কঠোর পরিশ্রম, শৃঙ্খলা ও আত্মবিশ্বাসের মাধ্যমে সফলতার পথে এগিয়ে যাওয়ার আহ্বান জানান।

অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান ইঞ্জিনিয়ার এস. এম. মেহেদী হাসান শিক্ষার্থীদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন, যেখানে তিনি এভিয়েশন সেক্টরে ক্যারিয়ার গড়ার বিভিন্ন দিক তুলে ধরেন।

অনুষ্ঠানে নবভর্তিকৃত শিক্ষার্থীরাও তাদের অনুভূতি প্রকাশ করে। তাদের উচ্ছ্বাস, স্বপ্ন ও নতুন যাত্রার প্রত্যাশা পুরো পরিবেশকে করে তোলে আরও প্রাণবন্ত। দারুণ উৎফুল্ল শিক্ষার্থীদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো।



সব মিলিয়ে, এই আয়োজনটি ছিল নতুন শিক্ষার্থীদের জন্য এক অনুপ্রেরণামূলক ও স্মরণীয় সূচনা।

আগামীর এভিয়েশন লিডারদের পথচলা হোক আরও সুন্দর, সফল ও গৌরবময় ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট-এর হাত ধরেই।

ইউনাইটেড কলেজ অব এভিয়েশনে “Higher Study in UK” বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

১৫ এপ্রিল ২০২৬ তারিখে ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট-এ “Higher Study in UK” বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। শিক্ষার্থীদের বিদেশে উচ্চশিক্ষা বিষয়ে সঠিক দিকনির্দেশনা ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এই সেমিনারের আয়োজন করা হয়।



সেমিনারে কী-নোট স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন University of Brighton এর Regional Manager (Asia) সারা কায়সার। তিনি যুক্তরাজ্যে উচ্চশিক্ষার সুযোগ, ভর্তি প্রক্রিয়া, স্কলারশিপ সুবিধা, ভিসা প্রসেসিং এবং আন্তর্জাতিক শিক্ষাজীবনে সফল হওয়ার বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করেন। পাশাপাশি শিক্ষার্থীদের ভবিষ্যৎ পরিকল্পনা ও প্রস্তুতি সম্পর্কেও গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট এর Executive Director মোহাম্মদ আলী, প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী। সেমিনারে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা যুক্তরাজ্যে উচ্চশিক্ষা সংক্রান্ত বিভিন্ন বিষয় সম্পর্কে সরাসরি জানার সুযোগ পেয়ে উচ্ছ্বাস প্রকাশ করে।

এ ধরনের সেমিনার শিক্ষার্থীদের আন্তর্জাতিক উচ্চশিক্ষা সম্পর্কে বাস্তব ধারণা প্রদান এবং ভবিষ্যৎ ক্যারিয়ার পরিকল্পনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

যথাযোগ্য মর্যাদায় ইউনাইটেড কলেজ অব এভিয়েশনে মহান স্বাধীনতা দিবস উদযাপিত

রাজধানীর ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্টে যথাযোগ্য মর্যাদা ও গভীর শ্রদ্ধার মধ্য দিয়ে উদযাপিত হয়েছে মহান স্বাধীনতা দিবস (২৬ মার্চ)। বৃহস্পতিবার প্রতিষ্ঠানটির অডিটোরিয়ামে এ উপলক্ষে এক আলোচনা সভা ও বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে দিনের কার্যক্রম সূচনা করা হয়। এরপর জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং মহান মুক্তিযুদ্ধে শহীদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।

আলোচনা সভায় অংশগ্রহণ করেন প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষক ও কর্মকর্তাগণ। তারা স্বাধীনতা দিবসের তাৎপর্য, ইতিহাস এবং মুক্তিযুদ্ধের চেতনা নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দেওয়ার গুরুত্ব তুলে ধরেন। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনাইটেড কলেজ অব এভিয়েশনের নির্বাহী পরিচালক মোহাম্মদ আলী।

তিনি তার বক্তব্যে মহান স্বাধীনতা দিবসের গুরুত্ব তুলে ধরে বলেন, “স্বাধীনতার এই অর্জন লাখো শহীদদের আত্মত্যাগের বিনিময়ে পাওয়া। আমাদের সকলের দায়িত্ব এই চেতনাকে হৃদয়ে ধারণ করে দেশ গঠনে ভূমিকা রাখা।”

অনুষ্ঠানে প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। পুরো আয়োজনটি ছিল শৃঙ্খলাবদ্ধ, আবেগঘন এবং দেশপ্রেমে উদ্ভুদ্ধ করার মতো একটি অনন্য উদ্যোগ।



ইউনাইটেড কলেজ অব এভিয়েশন'-এ পবিত্র ইফতার মাহফিল অনুষ্ঠিত

পবিত্র মাহে রমজান উপলক্ষে ১০ মার্চ ২০২৬, মঙ্গলবার ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট ক্যাম্পাসে এক আন্তরিক ও ধর্মীয় ভাবগাম্ভীর্যপূর্ণ ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। এই আয়োজনে প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ, সম্মানিত শিক্ষকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী, শিক্ষার্থী এবং আমন্ত্রিত বরণ্য অতিথিবৃন্দ অংশগ্রহণ করেন। ইফতার মাহফিলকে কেন্দ্র করে পুরো ক্যাম্পাসে সৃষ্টি হয় সৌহার্দ্য, ভ্রাতৃত্ববোধ ও পারস্পরিক সম্প্রীতির এক উষ্ণ পরিবেশ।



উপস্থিত অতিথিরা এ ধরনের আয়োজনকে পারস্পরিক সম্পর্ক সুদৃঢ় করা এবং মানবিক ও ধর্মীয় মূল্যবোধ চর্চার একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ হিসেবে উল্লেখ করেন। শিক্ষার্থীরাও এমন সুন্দর ও আন্তরিক আয়োজনের জন্য কলেজ কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে। ধর্মীয় ভাবগাম্ভীর্য, সৌহার্দ্য ও মিলনমেলার আবহে আয়োজিত এই ইফতার মাহফিল উপস্থিত সবার জন্য হয়ে ওঠে এক স্মরণীয় আয়োজন।

ইউনাইটেড কলেজ অব এভিয়েশনে ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন



শনিবার, ২১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে প্রতিষ্ঠানের অডিটোরিয়ামে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও মহান শহীদ দিবস উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে শিক্ষক ও শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন।

আলোচনা সভার সমাপনী পর্বে একুশে ফেব্রুয়ারির ঐতিহাসিক তাৎপর্য ও ভাষা আন্দোলনের চেতনা তুলে ধরে মূল্যবান বক্তব্য রাখেন প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক মোহাম্মদ আলী।

তিনি ভাষা শহীদদের আত্মত্যাগ গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন এবং মাতৃভাষার সঠিক ব্যবহার ও মর্যাদা রক্ষায় সকলকে সচেতন হওয়ার আহ্বান জানান। অনুষ্ঠানটি ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা ও ভালোবাসার মধ্য দিয়ে সফলভাবে সম্পন্ন হয়।

মাইলস্টোন কলেজ ক্যাম্পাসে “Drone & Robotics Arm Workshop ২০২৬” অনুষ্ঠিত

ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট এর উদ্যোগে এবং মাইলস্টোন কলেজ এর সহযোগিতায় “Drone & Robotics Arm Workshop ২০২৬”



সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। উত্তরা অবস্থিত মাইলস্টোন কলেজ ক্যাম্পাসে আয়োজিত এই কর্মশালায় সহযোগিতা প্রদান করে Milestone College Science Club।

আধুনিক ড্রোন ও রোবোটিক্স প্রযুক্তি সম্পর্কে শিক্ষার্থীদের বাস্তবভিত্তিক জ্ঞান ও হাতে-কলমে প্রশিক্ষণ প্রদানই ছিল এই আয়োজনের মূল উদ্দেশ্য।

কর্মশালার শুরুতে অনুষ্ঠিত হয় একটি Drone Session, যা পরিচালনা করেন ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট-এর অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের তিনজন অভিজ্ঞ লেকচারার। মেহনাজ এলাহি মোহনা ড্রোন প্রযুক্তির মৌলিক ধারণা, গঠন, কায়প্রণালী এবং বাস্তব জীবনে এর ব্যবহার নিয়ে আলোচনা করেন।

মোহাম্মদ মাহাথির রহমান ড্রোন অপারেশন, কন্ট্রোল সিস্টেম, নিরাপত্তা ব্যবস্থা এবং ইন্ডাস্ট্রি-ভিত্তিক ব্যবহারিক দিক তুলে ধরেন।

অন্যদিকে সৌরভ বিশ্বাস পরিচালনা করেন ড্রোন অ্যাসেম্বলি ও লাইভ প্র্যাকটিক্যাল ডেমোনস্ট্রেশন সেশন, যেখানে শিক্ষার্থীরা সরাসরি ড্রোন সংযোজন ও পরিচালনার কৌশল পর্যবেক্ষণের সুযোগ পায়।

পরবর্তীতে অনুষ্ঠিত Robotics Session-এ শিক্ষার্থীদের আধুনিক অটোমেশন ও ইন্টেলিজেন্ট সিস্টেম সম্পর্কে ধারণা প্রদান করা হয়। ইন্ডাস্ট্রিয়াল অটোমেশন, ম্যানুফ্যাকচারিং এবং প্রযুক্তিনির্ভর বিভিন্ন খাতে Robotic Arm-এর ব্যবহার ও গুরুত্ব তুলে ধরা হয়।

রোবোটিক্স ডেমোনস্ট্রেশন সেশন পরিচালনা করেন Robolife Technologies-এর Founder & CEO এবং ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট এর অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রাক্তন শিক্ষার্থী জয় বড়ুয়া লাবলু। জয় বাংলা ইয়ুথ অ্যাওয়ার্ডপ্রাপ্ত এই তরুণ উদ্ভাবক বাংলাদেশ সেনাবাহিনীসহ বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক রোবোটিক্স প্রজেক্টে কাজ করার অভিজ্ঞতা অর্জন করেছেন। সেশনে তিনি ধাপে ধাপে রোবোটিক সেটআপ প্রক্রিয়া, গুরুত্বপূর্ণ কম্পোনেন্ট এবং বাস্তব শিল্পখাতে এর ব্যবহারিক প্রয়োগ প্রদর্শন করেন।

টেকনিক্যাল সেশন শেষে শিক্ষার্থীদের অংশগ্রহণে একটি ওয়ার্কশপভিত্তিক কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়, যা পুরো আয়োজনকে আরও প্রাণবন্ত করে তোলে এবং শিক্ষার্থীদের শেখার আগ্রহ বৃদ্ধি করে।

অনুষ্ঠানের সমাপনী পর্বে বক্তব্য প্রদান করেন Milestone College এর অধ্যক্ষ মোহাম্মদ জিয়াউল আলম এবং উপাধ্যক্ষ মিজানুর রহমান খান। সমাপনী বক্তব্যে United College of Aviation,

Science & Management এর এক্সিকিউটিভ ডিরেক্টর মোহাম্মদ আলী ভবিষ্যতের প্রযুক্তিনির্ভর চ্যালেঞ্জ মোকাবিলায় দক্ষতা ও ইন্ডাস্ট্রি-ভিত্তিক শিক্ষার গুরুত্ব তুলে ধরেন।

সার্বিকভাবে “Drone & Robotics Arm Workshop ২০২৬” শিক্ষার্থীদের জন্য একটি জ্ঞানসমৃদ্ধ ও অনুপ্রেরণামূলক আয়োজন হিসেবে সফলভাবে সম্পন্ন হয়েছে, যেখানে তারা ড্রোন ও রোবোটিক্স প্রযুক্তি সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা অর্জনের মূল্যবান সুযোগ পেয়েছে।

ইউনাইটেড কলেজ অব এভিয়েশন’র ২ শিক্ষার্থীর OJT এর সুযোগ লাভ



ইউনাইটেড কলেজ অব এভিয়েশন, সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট-এর অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের দুই মেধাবী শিক্ষার্থী আলভী রাজ ও আবিদ আহমেদ সম্প্রতি হানসা এয়ারক্রাফট সার্ভিসেস পিএলসি-তে On Job Training (OJT) এর সুযোগ লাভ করেছে।

কলেজ কর্তৃপক্ষের প্রত্যক্ষ সহযোগিতা ও সার্বিক তত্ত্বাবধানে তারা এই বিশেষ সুযোগ অর্জন করতে সক্ষম হয়েছে। এই প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষার্থীরা একদিকে যেমন বাস্তব কর্মক্ষেত্রে কাজ করার অভিজ্ঞতা অর্জন করবে, অন্যদিকে তাত্ত্বিক শিক্ষার পাশাপাশি ব্যবহারিক জ্ঞান ও দক্ষতার পরিধিও আরও সমৃদ্ধ হবে।

এমন গুরুত্বপূর্ণ সুযোগ পেয়ে শিক্ষার্থীরা দারণ উচ্ছ্বাস প্রকাশ করেছে এবং তাদের ভবিষ্যৎ ক্যারিয়ার গঠনে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেছে। একই সঙ্গে এই সুযোগ করে দেওয়ার জন্য তারা ইউনাইটেড কলেজ অব এভিয়েশন কর্তৃপক্ষের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছে।



ফাতেমাতুজ জোহরা

বিবিএ (অনার্স) ইন এভিয়েশন ম্যানেজমেন্ট

"এভিয়েশন শিল্পে নেতৃত্ব দিতে চাইলে প্রয়োজন সঠিক জ্ঞান, দক্ষতা ও বাস্তব অভিজ্ঞতা।"

ইউসিএসএম-এর বিবিএ ইন এভিয়েশন ম্যানেজমেন্ট প্রোগ্রাম আমাকে এভিয়েশন ও ব্যবসায় প্রশাসনের সমন্বিত জ্ঞান অর্জনের সুযোগ দিয়েছে। এয়ারলাইন অপারেশন, এয়ারপোর্ট ম্যানেজমেন্ট, এভিয়েশন সেক্টর এবং মার্কেটিংসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে বাস্তবমুখী ধারণা লাভ করেছে।

অভিজ্ঞ শিক্ষকবৃন্দের দিকনির্দেশনা, ইন্ডাস্ট্রি ভিজিট এবং ব্যবহারিক কার্যক্রম আমার পেশাগত দক্ষতা বৃদ্ধি করেছে। পাশাপাশি যোগাযোগ দক্ষতা, নেতৃত্বগুণ এবং সমস্যা সমাধানের সক্ষমতা উন্নয়নে এই প্রোগ্রাম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। আমি বিশ্বাস করি, এই শিক্ষা আমার ভবিষ্যৎ ক্যারিয়ার গঠনে বিশেষ অবদান রাখবে।



এসকে নাকিস আল-নাহিয়ান

অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ

"প্রতিটি শিক্ষার্থীর সফলতার পেছনে থাকে একটি সহায়ক ও অনুপ্রেরণাদায়ী শিক্ষার পরিবেশ।"

ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্টে অধ্যয়ন করা আমার জন্য অত্যন্ত ইতিবাচক ও

অভিজ্ঞতা। এইচএনডি ইন অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামটি তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষার একটি কার্যকর সমন্বয় প্রদান করে, যা আমাদের প্রযুক্তিগত দক্ষতা ও বাস্তব জ্ঞান বৃদ্ধিতে সহায়তা করে।

ইউনাইটেড কলেজ অব এভিয়েশন সাইন্স এন্ড ম্যানেজমেন্ট

সেক্টর-০৩, রোড-০৪, বাড়ী-১৬, উত্তরা, ঢাকা-১২৩০, থেকে প্রকাশিত। ফোনঃ ০২৪১০৯১৪৮৪, ০১৭৪৯ ৩০৬০৯০, ০১৯৭২ ৩০৬০৯০

www.uca.edu.bd | <https://www.facebook.com/ucasmofficial> | [instagram.com/ucasm.edu.bd/](https://www.instagram.com/ucasm.edu.bd/) | ইউটিউব: <https://bitly/2lpwphb>